

বিজয়ে মায়ের প্রার্থনা

কাইউম পারভেজ

মা জানি আজ সকালে ফজরের নামাজান্তে
চোখের জলে জায়নামাজ ভেজাবে
তোমার ভেজা চোখ দুটো নাবিকের মত
আজো চেয়ে থাকবে
যদি তোমার খোকন ফিরে আসে!
পাগলী মা আমার
আটচল্লিশ বছর হলো
এখনো ভাবো খোকন আসবে?
যুদ্ধে যাবার আগে তোমার পা ছুঁয়ে
সালাম করবার সময় তুমি বলেছিলে
দ্যাশ স্বাধীন কইরা আইবি নইলে
আইবি না।
দ্যাশ স্বাধীন হইলো স্বপ্নের ফেরীআলা হইয়া

গুললি ফুটাইতে ফুটাইতে গ্রামে ঢুকছিলাম।
রাজাকার কাদের মোল্লার গোষ্ঠীর কেউ
আচানক বাঁপিয়ে পড়লো।
দ্যাশ স্বাধীন হলো তোমার কাছে আমার ফেরা হলো না।
মা রে আমি শহীদ কিনা জানি না
তুমিও জানো না।
কাদের মোল্লা নাকি ফাঁসি খাইয়া শহীদ হইছে।
রাজাকার গো “সংগ্রাম” পত্রিকা হেই খবর ছাপছে।
বিচ্ছুরা কি সব মরছে? হ্যাগো পোলাপাইনরা কি বাইচা নাই?
হেরা বেবাকটি মিল্লা সংগ্রামের সম্পাদক সাবেরে মেরামত কইরা পুলিশের হাতে তুইল্লা
দিছে। সংগ্রাম করতে করতে সংগ্রামরে গুড়াইয়া দিছে। এলায় কেমন বুঝতাছে মা।
বিজয়ের মাস আইলেই বিচ্ছু গো পোলাপাইন আরো বিচ্ছু হয়। স্বাধীনতার প্রহরী হয়।
স্বাধীনতার স্বপ্নের ফেরীআলা হয়।
স্বাধীন দেশে ক্যামনে ওরা এখনো সাহস পায়?
আজ সকালে দোয়া কর মাগো
ওরা যেন নিঃশেষ হয়।